



ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি), রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আয়োজনে চারদিনব্যাপী “**Training on Effective Teaching Learning & Assessment**” শীর্ষক প্রশিক্ষণ আজ শেষ হলো। সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী একাডেমিক ভবনস্থ আইকিউএসি কনফারেন্স কক্ষে গত ১৪ নভেম্বর ২০২২ তারিখে শুরু হয়। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও ইনস্টিটিউটের মনোনীত ১৮৩ জন অ্যাকাডেমিক স্টাফ (শিক্ষক) এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণে • Educational Domains & Teaching Learning, • Organizing Effective Teaching-Learning: SCTL & OBE, Innovative Teaching-Learning Methods: Inquiry based, PBL, Team-based & Case method, • Assessment of Student Performance এবং • Alignment of Teaching-Learning & Assessment with CLOs বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। চার পর্বের এই কর্ম সূচী উদ্বোধন করেন মাননীয় উপাচার্য প্রফেসর গোলাম সাব্বির সান্তার। প্রতি পর্বেও উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ক্রমান্বয়ে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মো. ইলিয়াছ হোসেন, ডীন, সমাজ বিজ্ঞান অনুষদ, প্রফেসর ড. এম হুমায়ুন কবীর, মাননীয় উপ-উপাচার্য, প্রফেসর মো. সুলতান-উল-ইসলাম, মাননীয় উপ-উপাচার্য। সভাপতিত্ব করেন আইকিউএসি-র পরিচালক প্রফেসর ড. দুলাল চন্দ্র রায়। শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন অতিরিক্ত পরিচালক প্রফেসর মো. মশিহুর রহমান এবং অনুষ্ঠানটি সম্বলনা করেন অতিরিক্ত পরিচালক প্রফেসর মো. আবদুর রশিদ সরকার। চার পর্বের এই প্রশিক্ষণের রিসোর্স পার্সন হিসেবে ছিলেন প্রফেসর ড. এস. এম. কবীর, সদস্য, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।